সংবাদ

তারিখ 17 APR 2003
পৃষ্ঠা ২ কলাম ৮

# মাধ্যমিক স্তরের ব্যাকরণ বই প্রকাশ করবে টেক্সট বুক বোর্ড

নিজস্ব বার্তা পরিবেশক ঃ ষষ্ঠ থেকে দশম শ্রেণীর বাংলা ও ইংরেজি ব্যাকরণ বই এ বছর থেকে জাতীয় শিক্ষাক্রম টেক্সটবুক বোর্ড প্রকাশ করবে। বিশেষজ্ঞদের দিয়ে এই ব্যাকরণ বই রচনা করা হবে। ব্যাকরণ

প্রকাশ ঃ পৃঃ ১১ কঃ ৩

## প্রকাশ ঃ ব্যাকরণ

(১ম পৃষ্ঠার পর)

বইগুলো উচ্চমানসম্পন্ন করা হবে। ২০০৪ সালের শিক্ষার্থীদের হাতেই এ ব্যাকরণ বই পৌঁছে দেয়া হবে। বুধবার বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলনের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে ২০০৩ সালের প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণে পূর্ব অনুমোদন নেয়া সংক্রান্ত জটিলতার কারণে প্রকাশকদের সাড়ে ৭ কোটি টাকার বিল বকেয়া, মাদ্রাসা বোর্ডের বই প্রকাশে দুর্নীতিবাজচক্রের জালিয়াতি এবং বই প্রকাশে ঘাপলা, আগামী বছরের পাঠ্যপুস্তক মুদ্রণ প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে কর্ণফুলী পেপার মিল, মাদ্রাসা শিক্ষা বোর্ড, জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড, প্রকাশক ও মুদ্রণ শিল্প সমিতির প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে প্রকাশকদের বকেয়া বিল দ্রুত পরিশোধের জন্য এ ব্যাপারে গঠিত তদন্ত কমিটিকে দ্রুত রিপোর্ট প্রদানের ব্যাপারে মত প্রকাশ করা হয়। উল্লেখ্য গত ১৫ই ফেব্রুয়ারি এই তদন্ত রিপোর্ট দেয়ার কথা থাকলেও এখন পর্যন্ত তা পেশ করা হয়নি।

বৈঠকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের এবতেদায়ি স্তরের মতো মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক ও পাঠ্যপুস্তক বোর্ডের বৈঠক সূত্র জানায়, এটি ছিল আগামী বছরের পাঠ্যপুস্তক মুদ্রণ সম্পর্কিত প্রাথমিক বৈঠক। এ কারণে এ বৈঠকে কোন চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয়নি।